**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা- ১**
**গুলফেঁশা প্লাজা (১১ তলা),**
**৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক,**
**বড় মগবাজার, ঢাকা।**
[Web:www.ceva1.gov.bd, Email:c.v.appeal.dhaka1@gmail.com]

নথি নং- ২/১(৫)প্রশাসন/নিয়োগসংক্রান্ত/আপীল/ঢাকা-১/১২(পার্ট-২)/৪১৭ তারিখঃ ২৫/০৯/২০২২ খ্রি.।

## নিয়োগ বিজ্ঞপ্তি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১, ঢাকা এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত ০৯ (নয়) ক্যাটাগরির মোট ১২ (বার) টি শূণ্য পদে জনবল নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত নিয়মাবলী ও শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (Online-এ http://ceva1.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র. নং | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বেতন স্কেল ও গ্রেড | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | উচ্চমান সহকারী<br>১০,২০০-২৪,৬৮০ (গ্রেড-১৪) | ০১ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রীধারী হতে হবে।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।<br>(গ) Word processing/Data entry/Typing ইত্যাদি ক্ষেত্রে সর্বনিম্ন গতি ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ। | কিশোরগঞ্জ, লক্ষীপুর ও সিরাজগঞ্জ জেলা ব্যতিত সকল জেলার প্রার্থীগণ (এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন)। |
| ২. | ক্যাশিয়ার<br>১০,২০০-২৪,৬৮০ (গ্রেড-১৪) | ০১ টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগের স্নাতক বা সমমানের ডিগ্রীধারী হতে হবে।<br>(খ) কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে। | |
| ৩. | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>১০,২০০-২৪,৬৮০ (গ্রেড-১৪) | ০১ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক (এইচ.এস.সি) অথবা সমমানের পরীক্ষা উত্তীর্ণ।<br>(খ) সাঁট লিপিতে ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে নূন্যতম গতি যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ।<br>(গ) Word processing/Data entry/Typing ইত্যাদি ক্ষেত্রে সর্বনিম্ন গতি ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ। | |
| ৪. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬) | ০২ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক (এইচ.এস.সি) অথবা সমমানের পরীক্ষা উত্তীর্ণ।<br>(খ) Word processing/Data entry/Typing ইত্যাদি ক্ষেত্রে সর্বনিম্ন গতি ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ। | |
| ৫. | রেকর্ড কীপার<br>৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬) | ০১ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক (এইচ.এস.সি) অথবা সমমানের পরীক্ষা উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে। | |
| ৬. | গাড়ী চালক<br>৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬) | ০২ টি | (ক) অষ্টম শ্রেণি/সমমান পরীক্ষা পাশ।<br>(খ) ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। | |
| ৭. | সিপাই<br>৯,০০০-২১,৮০০ (গ্রেড-১৭) | ০১ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক (এস.এস.সি) অথবা সমমানের পরীক্ষা উত্তীর্ণ।<br>(খ) উচ্চতাঃ পুরুষ নূন্যতম ৫.৪, মহিলা নূন্যতম ৫.২, বুকের মাপঃ নূন্যতম ৩০-৩২ (উভয় ক্ষেত্রে)। | |
| ৮. | অফিস সহায়ক<br>৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০) | ০২ টি | (ক) (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক (এস.এস.সি) অথবা সমমানের পরীক্ষা উত্তীর্ণ।<br>(খ) সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। | ময়মনসিংহ, সিরাজগঞ্জ, বি.বাড়িয়া ও ফেনী জেলা ব্যতিত সকল জেলার প্রার্থীগণ (এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন)। |
| ৯. | নিরাপত্তা প্রহরী<br>৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০) | ০১ টি | ক) অষ্টম শ্রেণি/সমমান পরীক্ষা পাশ।<br>(খ) সু-স্বাস্থ্যেও অধিকারী হতে হবে। | |

**শর্তাবলী:**

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনকারীর বয়স ৩০/০৯/২০২২ খ্রিঃ তারিখ সর্বনিম্ন ১৮ (আঠার) বছর এবং ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে যাদের বয়স সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর তারা আবেদনের যোগ্য। তবে, শুধুমাত্র

বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধি প্রার্থীদের ক্ষেত্রে ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে যাদের বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) তারাও আবেদনের যোগ্য।

০২। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর।

০৩। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। উল্লেখ্য যে, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৪। সরকারী/আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন।

০৫। প্রার্থীর যোগ্যতা যাচাই:

মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক হতে ঝ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক) টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদসহ)।

খ. প্রার্থী যে সিটি কর্পোরেশন/ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্বের সনদ।

গ. মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।

ঘ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদ।

ঙ. জাতীয় পরিচয়পত্র (NID)/ জন্ম সনদের সত্যায়িত ফটোকপি।

চ. Online- এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicants Copy) ও (Admit Card)।

ছ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা কিংবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদ এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র।

জ. শারীরিক প্রতিবন্ধি, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

ঝ. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৬। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবে।

০৭। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগিরক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগ দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

০৮। সরকারি নীতিমালা অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

০৯। নিয়োগের বিষয়ে সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে।

১০। লিখিত পরীক্ষার তারিখ ও সময় সূচী SMS এর মাধ্যমে জানানো হবে। এছাড়া কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১, ঢাকা এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.ceva1.gov.bd) প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১, ঢাকা এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.ceva1.gov.bd) প্রকাশ করা হবে।

১১। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। বিজ্ঞপ্তিটি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১, ঢাকা এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.ceva1.gov.bd) পাওয়া যাবে।

১৩। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৪। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৫। সরকার কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৬। নিয়োগ সংক্রান্ত পরীক্ষার যে কোনো বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়ঃ

ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণকে http://ceva1.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে।

আবেদনের সময়সীমা:

i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষা ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৩.১০.২০২২ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা।

ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৪.১০.২০২২ খ্রি: তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত । উক্ত সময়সীমার মধ্যে বর্ণিত ওয়েবসাইটে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস (SMS) এ পরীক্ষার ফি জমা দিতে হবে।

খ) Online আবেদনপত্রে প্রার্থীকে তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন করা প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/ পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্টি করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID Number দেওয়া থাকবে এবং User ID Number ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile Number এর মাধ্যমে ০২(দুই) টি SMS করে ক্রমিক নং ১-৬ এ বর্ণিত পদের ক্ষেত্রে আবেদন ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক নং ৭-৯ এ বর্ণিত পদের ক্ষেত্রে আবেদন ফি বাবদ ১০০/-(একশত) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বারো) টাকা পরীক্ষার ফি বাবদ অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

SMS এর নিয়মাবলী:

প্রথম SMS: CEVA1<space>UserID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: CEVA1 ABCDEF

Reply: Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type CEVA1<Space>Yes<Space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: CEVA1<Space>Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: CEVA1 YES 12345678

Reply: Congratulation Applicant's Name, Payment completed successfully for CEVA1 Application for (post name) User ID is (ABCDEF) and Password (XXXXXX).

চ) দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস এ Password পাবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

ছ) SMS এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি শারীরিক/ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময় ও লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়সহ উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন (প্রযোজ্য ক্ষেত্রে):

i) User ID জানা থাকলে: CEVA1<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: CEVA1 HELP USER ABCDEF

ii) PIN Number জানা থাকলে: CEVA1<space>Help<space>PIN no & Send to 16222.

Example: CEVA1 HELP PIN ABCDEF

ট) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঠ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১, ঢাকা এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইট www.ceva1.gov.bd নোটিশ বোর্ড এ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.ceva1.gov.bd ওয়েবসাইটের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

ড) Online আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক মোবাইল থেকে ১২১ অথবা vas.query@teletalk.com.bd বা c.v.appeal.dhaka1@gmail.com এই ই-মেইল যোগাযোগ করা যাবে (Mail এর Subject এ Organization Name: CEVA1. Post Name..... Applicants User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঢ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশ এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনিক নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৮। এ নিয়োগের ক্ষেত্রে সরকারের যাবতীয় বিদ্যমান বিধি-বিধান/আদেশ এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান (সর্বশেষ) যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে।

১৯। কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে কারণ দর্শানো ব্যতিরেকে পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল ও নিয়োগ প্রক্রিয়া বাতিল বা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২০। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবোদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(মোঃ শফিকুল ইসলাম)
কমিশনার
ও
আহ্বায়ক
বিভাগীয় নিয়োগ কমিটি
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল)
কমিশনারেট, ঢাকা-১, ঢাকা।